

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৫১

তারিখ: ২১ চৈত্র ১৪২৪
০৪ এপ্রিল ২০১৮

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চট্টগ্রামের বাঁশখালিতে সরকারি-বেসরকারি অংশীদারিত্বে 'বাংলাদেশ এনার্জি পোর্ট লিমিটেড' নামক কোম্পানি গঠনের লক্ষ্যে প্রস্তাবিত কোম্পানির Memorandum of Association (MoA), Articles of Association (AoA) এবং Joint Venture and Shareholders' Agreement-এর খসড়া সার্বিকভাবে আরও পরীক্ষা-নিরীক্ষা করিবার নিমিত্ত নিম্নরূপভাবে কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

১। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়;	আহ্বায়ক
২। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ;	সদস্য
৩। সচিব, ভূমি মন্ত্রণালয়;	সদস্য
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ;	সদস্য
৫। সচিব, জননিরাপত্তা বিভাগ;	সদস্য
৬। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়;	সদস্য
৭। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়;	সদস্য
৮। সচিব, অর্থ বিভাগ;	সদস্য
৯। হেড অব মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়;	সদস্য
১০। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;	সদস্য-সচিব

(খ) কার্যপরিধি :

কমিটি প্রস্তাবিত কোম্পানির Memorandum of Association, Articles of Association এবং Joint Venture and Shareholders' Agreement-এর খসড়া পর্যালোচনাক্রমে পুনর্গঠন/পরিমার্জনসহ প্রস্তাবিত কোম্পানি গঠনের বিষয়ে সুপারিশ করিবে;

(গ) এই কমিটিতে 'সচিব' বলিতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হইবে।

(ঘ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপযুক্ত প্রতিনিধি কো-অপ্ট করিতে পারিবে।

(ঙ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(ড. আবু সালেহ মোস্তফা কামাল)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)


ফোন: ৯৫৭১৬০০।

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৫১

তারিখ: ২১ চৈত্র ১৪২৪
০৪ এপ্রিল ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব/সদস্য.....
মন্ত্রণালয়/বিভাগ/কমিশন।
- ৩। হেড অব মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়।
- ৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ১০০ (একশত) কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]।


০৪/০৪/২০১৮

(খন্দকার ইসতিয়াক আহমেদ)

উপসচিব

ফোন: ৯৫১১০৮১।

Email: ca_sec@cabinet.gov.bd